তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৬১/২০১৪

অভিযোগকারী ঃ জনাব মোঃ আব্দুর রশীদ
পিতা-মোঃ ইয়াদ আলী মৃধা
বাড়ী নং-১৮, রোড় নং-৩/এ
সেক্টর-৯,উত্তরা
ঢাকা।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ আব্দুল লতিফ
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা পওর বিভাগ-২, পাউবো
হাসান কোর্ট, ৬ষ্ঠ তলা, ২৩/১
মতিঝিল বা/এ, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ১৭-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুর রশীদ ১১-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আব্দুল লতিফ, উপ-সহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পওর বিভাগ-২, পাউবো, হাসান কোর্ট, ৬ষ্ঠ তলা, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. **পাউবো চাকুরী বিধি ১৯৮২ এর ১২০ ধারা পাউবো চাকুরী বিধির ২০১৩ এর কোন ধারাতে প্রতিস্থাপন করা হয়েছে কিনা বা এর নিরসনের ব্যবস্থা বোর্ড কর্তৃক বা সরকার কর্তৃক করেছেন কিনা প্রয়োজনীয় কাগজপত্রসহ পূর্ণ তথ্য।**
২. **সরকার কর্তৃক অনুমোদিত পেনশন সহজীকরণ প্রবিধান বোর্ড অনুসরন করে কিনা এর তথ্য। যদি না করে থাকে এর নিষেধাজ্ঞার কোন জারীকৃত প্রজ্ঞাপনের ছায়ালিপি certified by 1st class officer.**
৩. **পাউবো পরিদপ্তর স্মারক নং পাউবো/অডিট/ প্রশা/অস্পষ্ট/১০০ তারিখ-২০-০২-২০১৪ খ্রীঃ জরীকৃত যে পত্রটি তিনটি বিভাগে দিয়েছেন ১৯৮৯-২০১৪ সন পর্যন্ত যে সমস্ত কর্মকর্তা অবসরে গিয়েছেন তাদের ক্ষেত্রে কি ঐ একই অডিট আপত্তি উত্থাপন করা হয়েছিল কিনা? তার তথ্য।**
৪. **ঐ সময়ের যারা অবসরে গিয়েছেন তারা উল্লিখিত স্মারকের অডিট আপত্তি নিস্পন্ন করে পেনশন ভোগ করছেন?**
৫. **মূলতঃ বিভাগের অডিট আপত্তি নিস্পত্তির মূল দায়িত্ব কার উপর বর্তায়।**
৬. **বগুড়া খাস বিভাগের মিঃ প্রকৌশলীর দপ্তর স্মারক নং মিঃ প্রকোঃ/খাস/বগুড়া/জিএফ /আই-২০/৫২ তারিখ-৩১-০৩-২০১৪ বরাতে ৩০-১১-২০১১ তারিখের সূত্র ধরে যে প্রতিবেদন পরিচালক অডিট পরিদপ্তরকে দিয়েছেন তার পূর্ণাঙ্গ তথ্যভিত্তিক প্রতিবেদনের ছায়ালিপি certified by 1st class officer.**
৭. **সিরাজগঞ্জ বিআরআই (বিশেঃ) পওর বিভাগ স্মারক নং এ-২১/১০৬৭/১ তারিখ-০৩-০৩-২০১৪ খ্রিঃ বরাতে যে প্রতিবেদন দিয়েছেন তাতে তিনি উত্থাপিত আপত্তিতে সম্পৃক্ততা নাই জানানোর পরও অডিট পরিদপ্তর স্মারক নং-পাউবো/অডিট/প্রশা-২৩৫ (৩৩ খন্ড)/২১৫ তারিখঃ২১-০৪-২০১৪ খ্রিঃ মোতাবেক অডিট আপত্তি আলোকপাত করেছেন। এর পিছনে যুক্তিকতা কি তা অডিট পরিদপ্তর হতে জানতে চাই। উল্লেখ্য ঐ সময়ে জনাব মোঃ আব্দুর রশীদ সিরাজগঞ্জ পওর বিভাগে DPM এর মাধ্যমে কোন কাজ করেন নাই বিল ও দেন নাই Long Reach Room ভাড়া দেয়ার সময় ঐ বিভাগে চাকুরিই করেন নাই। এ সম্পর্কে অডিট পরিদপ্তরের নিকট হতে তথ্য জানতে চাই।**

০২। তথ্য প্রাপ্তির আবেদনের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আবদুল লতিফ অভিযোগকারীকে ১২-০৫-২০১৪ ইং তারিখে তথ্য সরবরাহে অপারগতার নোটিশ প্রদান করেন। পরবর্তীতে অভিযোগকারী ২১-০৫-২০১৪ তারিখে মোঃ সহিদুর রহমান, মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মহাপরিচালকের দপ্তর, পাউবো,ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:পৃ:দ্র:)

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুর রশীদ ও প্রতিপক্ষ জনাব মোঃ আব্দুল লতিফ, উপ-সহকারী প্রকৌশলী , ঢাকা পওর বিভাগ-২, পাউবো, হাসান কোর্ট, ৬ষ্ঠ তলা, মতিঝিল বা/এ, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। উপ-সহকারী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, পাউবো, হাসান কোর্ট, ৬ষ্ঠ তলা, মতিঝিল বা/এ, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশনের ওয়েবসাইটে তার নাম, পদবি ও ঠিকানা উল্লেখ রয়েছে কিন্তু ঠিকানা তার দপ্তরের নয়। তথ্য কমিশনের নির্ধারিত ফরমে তাকে নিয়োগ প্রদান করা হয়নি। তার সুপারভাইজিং অফিসার ঢাকা পওর বিভাগ-২, পাউবো এর নির্বাহী প্রকৌশলী জনাব তারিক এ. আল-ফায়াজ জানান ঢাকা জেলা সমন্বয় কমিটির নিয়মিত মাসিক সভায় জেলা প্রশাসক মহোদয়ের চাহিদা অনুযায়ী ঢাকা পওর বিভাগ-২ এর পক্ষে একজন তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম চাওয়া হলে তার নাম প্রস্তাব করা হয়। তার কাছে তথ্য না থাকায় তিনি তাৎক্ষনিক অভিযোগকারীকে জানিয়ে দিয়েছেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও প্রতিপক্ষ উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীকে সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবর তথ্য প্রাপ্তির আবেদন করেননি। অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগের জন্য মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ কে পত্র প্রেরণ করার জন্য কমিশন মতামত প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগের জন্য মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পাউবো,ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ কে নির্দেশনা দেয়া হলো।
২। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার

[মিজান]